রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।
www.rajuk.gov.bd

৭০৭
২৪/০৬/২৫

**বিষয়ঃ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটির ২০২৪-২০২৫ অর্থবছরের অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব ড. মোঃ আলম মোস্তফা, সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক, ঢাকা।
সভার স্থান : সদস্য (প্রশাসন ও অর্থ) মহোদয়ের অফিস কক্ষ।
সভার তারিখ ও সময় : ২২.০৬.২০২৫, সকাল: ১০.০০ টা।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনে কমিটির সদস্য সচিব ও পরিচালক (প্রশাসন) জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) একটি গুরুত্বপূর্ণ অংশ। APA-তে ভালো ফলাফল অর্জনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সফলতা অর্জন আবশ্যক। এজন্য তিনি সকল শাখা ও দপ্তর প্রধানদের সক্রিয় সহযোগিতা কামনা করেন। পরে সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে বিভিন্ন সূচকের অগ্রগতি পর্যালোচনা করে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন করণের বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সকল শাখা/দপ্তর সমূহকে নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপনের নিমিত্ত পত্র প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ |
| ০২ | আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও প্রদর্শন | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সকল উইংয়ের আওতাধীন শাখা/দপ্তর সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি ডিজিটাল ব্যানারে প্রদর্শন করা | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজিন চার্টার) হালনাগাদপূর্বক ডিজিটাল ব্যানারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজিন চার্টার) হালনাগাদপূর্বক ডিজিটাল ব্যানারে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সিস্টেম এনালিস্ট/নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক) |
| ০৪ | রাজউক প্রধান কার্যালয়ের সামনে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রদর্শন করা | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি ডিজিটাল ব্যানারে প্রদর্শনের পূর্ব সময় পর্যন্ত বিলবোর্ড আকারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি ডিজিটাল ব্যানারে প্রদর্শনের পূর্ব সময় পর্যন্ত বিলবোর্ড আকারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী (সদর দপ্তর) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সকল শাখা/দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সকল শাখা/দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণের নিমিত্ত পত্র প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ |

০২। সভায় আর কোনো আলোচনা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীলতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/৬/২৫
(ড. মোঃ আলম মোস্তফা)
সদস্য (প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

নং-২৫.৩৯.০০০০.০০৯.২২.০০১.২৪-৬৮৭ তারিখ: ০৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। সদস্য (প্রশাসন ও অর্থ/ উন্নয়ন/পরিকল্পনা/উন্নয়ন নিয়ন্ত্রণ/এস্টেট ও ভূমি), রাজউক, ঢাকা;
০২। প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ও ডিজাইন), রাজউক, ঢাকা;
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৪। প্রধান নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা ও বাস্তবায়ন), রাজউক, ঢাকা;
০৫। প্রধান নগর স্থপতি, রাজউক, ঢাকা;
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭। পরিচালক (সকল), রাজউক, ঢাকা;
০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা;
০৯। নগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা;
১০। প্রকল্প পরিচালক (সকল), রাজউক, ঢাকা;
১১। উপ-পরিচালক (সকল), রাজউক, ঢাকা;
১২। উপ-নগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা;
১৩। অথরাইজড অফিসার (সকল), রাজউক, ঢাকা;
১৪। নির্বাহী প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা;
১৫। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজউক, ঢাকা;
১৬। আইন কর্মকর্তা (সকল), রাজউক, ঢাকা;
১৭। লিয়াজোঁ অফিসার, রাজউক ঢাকা [চেয়ারম্যান, রাজউক মহোদয়ের সদয় অবগতির জন্য];
১৮। অফিস কপি।

24.06.2025
Programmer

২৪/০৬/২০২৫

২৩/০৬/২৫
পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।